

কোন অস্থায়ী পদে লিয়েন সৃষ্টি হয় না। তাছাড়া কোন স্থায়ী পদে প্রবেশনার হিসেবে বা অস্থায়ীভাবে বা এডহক ভিত্তিতে নিয়োগ দেওয়া হলে উক্ত নিয়োগ পরবর্তী পর্যায়ে স্থায়ী না করা পর্যন্ত উক্ত পদে লিয়েন সৃষ্টি হয় না। বাংলাদেশ সার্ভিস রুলস্ প্রথম খণ্ডের বিধি-১৯ তে এই সংক্রান্ত বিধান নিম্নে প্রদত্ত হইল:

**বিধি-১৯।** বিধি- ২০ এর অধীনে লিয়েন স্বগিত করা না হইলে বা বিধি-২৩-এর অধীনে লিয়েন স্থানান্তরিত না হইলে, স্থায়ী পদে স্থায়ীভাবে অধিষ্ঠিত একজন সরকারী কর্মচারী নিম্নলিখিত ক্ষেত্রে ঐ পদে লিয়েন সংরক্ষণ করেন

(এ) যখন ঐ পদের দায়িত্ব পালন করেন ও

(বি) যখন ফরেন সার্ভিসে কর্মরত থাকেন বা অস্থায়ী পদে অধিষ্ঠিত থাকেন, অথবা অন্য কোন পদে অফিসিয়েটিং হিসাবে নিয়োজিত থাকেন ;

(সি) অন্য পদে বদলীর ক্ষেত্রে যাগদানকালীন সময়ে। তবে তিনি যদি নিম্ন বেতনের কোন পদে স্থায়ী ভাবে বদলী হন, তাহা হইলে পুরাতন পদের দায়িত্ব থেকে অব্যহতির তারিখ হইতে নূতন পদে তাহার লিয়েন স্থানান্তর হবে;

(ডি) প্রয়োগ নাই ;

(ই) সাময়িক বরখাস্তকালীন সময়ে।

ব্যখ্যা (১) : একজন কর্মচারীর একটি পদে লিয়েন থাকবে -

(১) ঐ পদে কর্মকালীন সময়ে ;

(২) ফরেন সার্ভিসে কর্মকালীন সময়ে ;

(৩) অন্য পদে অফিসিয়েটিং হিসাবে নিয়োজিত থাকাকালীন সময়ে ;

(৪) যাগদানকালীন সময়ে ;

(৫) ছুটিকালীন সময়ে ; এবং

(৬) সাময়িক বরখাস্তকালীন সময়ে।

**ব্যখ্যা (২) :** উক্ত বিধিতে উল্লিখিত ক্ষেত্র ব্যতীত নিম্নোক্ত ক্ষেত্রেও বর্তমানে লিয়েন সংরক্ষণ করা হয়;

(ক) বাংলাদেশের অভ্যন্তরে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ;

(খ) উন্নয়ন প্রকল্পে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ; এবং

(গ) উন্নয়ন প্রকল্পে সাকুল্যে বেতনে চুক্তিতে নিয়োজিত থাকিবার ক্ষেত্রে ।

### যে কারণে একজন কর্মচারীর লিয়েন বাতিল হয় বা অবসান ঘটে তা নিম্নরূপ

১। বাংলাদেশ সার্ভিস রুলস্ প্রথম খণ্ডের বিধি-১৭তে বর্ণিত আছে যে, বিশেষ কোন ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে অন্যরূপ কোন বিধান না থাকিবার ক্ষেত্রে একজন সরকারী কর্মচারী একটি স্থায়ী পদে স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত হইলে, এই পদে তাহার লিয়েন অর্জিত হয়। পরে অন্য কোন স্থায়ীপদে স্থায়ী নিয়োগ লাভ করিলে, শেষোক্ত পদে তিনি নূতন লিয়েন অর্জন করিবেন। অর্থাৎ একই সঙ্গে দুই বা ততোধিক পদে লিয়েন জন্মায় না।

২। বাংলাদেশ সার্ভিস রুলস্, প্রথম খণ্ডের বিধি-২০ (৩) তে বর্ণিত আছে যে, ২০ (১) ও ২০ (২) বিধিতে যাহাই বর্ণিত থাকুক না কেন, একজন সরকারী কর্মচারীর টেলিউর পদের উপর লিয়েন কোন অবস্থাতেই স্বগিত রাখা যাইবে না। কোন যদি অন্য কোন স্থায়ী পদে নিয়োজিত হন, তাহা হইলে টেলিউর পদে তাহার লিয়েনের অবসান/বিলুপ্তি ঘটিবে।

৩। বাংলাদেশ সার্ভিস রুলস্, প্রথম খণ্ডের বিধি-২১ (২) তে বর্ণিত আছে এ ২০ (১) (বি) এর ক্ষেত্রে একজন সরকারী কর্মচারীর চাকুরীরত ৩ লিখিত অনুরোধের ভিত্তিতে লিয়েন বাতিল করা যায়।

কোন কোন ক্ষেত্রে লিয়েন সংরক্ষিত থাকে এবং লিয়েন বাতিল ও অবসান ঘটে: [ডাউনলোড](#)